

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতিবেদনঃ

**পরিবীক্ষণ সভায় গৃহীত সিদ্ধান্ত:**

সেবা প্রদান প্রতিশ্রুতি সঠিকভাবে বাস্তবায়নের অংশ হিসাবে কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কারা অধিদপ্তরের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা গত ২২ জুন, ২০২৩ তারিখ কমিটির সভাপতি কর্নেল শেখ সুজাউর রহমান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার নিমিত্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**‘বন্দিদের দ্বারা উৎপাদিত পণ্য ই-কমার্স সাইট (bdprisonproduct.com) এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা অংশে সংযোজন করা হবে’।**

**সিদ্ধান্ত বাস্তবায়ন:**

কমিটির সিদ্ধান্তের আলোকে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা অংশে ক্রমিক নং ৮ এ ‘কারা বন্দিদের উৎপাদিত পণ্য (কারা পণ্য) ই-কমার্সের মাধ্যমে বিপণন’ সেবা অন্তর্ভুক্ত করা হয়।

স্বাক্ষরিত/-

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সেবা প্রদান প্রতিশ্রুতি


পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১০৯

১১ আষাঢ়, ১৪৩০।

তারিখঃ ২৫ জুন, ২০২৩।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃ: আ: প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।



মোঃ মাইন উদ্দিন ভূইয়া

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সেবা প্রদান প্রতিশ্রুতি

aig.adm@prison.gov.bd